লোকেদের উপর এমন একটি সময় অবশ্যই আসবে, যখন মানুষ সোনার যাকাত নিয়ে ঘোরাঘুরি করবে; কিন্তু সে এমন কাউকে পাবে না যে, তার নিকট হতে তা গ্রহণ করবে। আর দেখা যাবে যে, পুরুষের সংখ্যা কম ও মহিলার সংখ্যা বেশী হওয়ার দরুন চল্লিশজন মহিলা একজন পুরুষকে আশ্রয় করে থাকবে।”

আবূ মূসা আশআরী রাদিয়াল্লাহু ‘আনহু হতে মারফু হিসেবে বর্ণিত, লোকেদের উপর এমন একটি
সময় অবশ্যই আসবে, যখন মানুষ সোনার যাকাত নিয়ে ঘোরাঘুরি করবে; কিন্তু সে এমন কাউকে পাবে না যে, তার নিকট হতে তা গ্রহণ করবে। আর দেখা যাবে যে, পুরুষের সংখ্যা কম ও মহিলার সংখ্যা বেশী হওয়ার দরুন চল্লিশজন মহিলা একজন পুরুষকে আশ্রয় করে থাকবে।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

মানুষের সামনে ধন-সম্পদ বৃদ্ধি পাবে। এমনকি তা গ্রহণ করার কোন লোক পাওয়া যাবে না। পুরুষের সংখ্যা কমে যাবে এবং নারীর সংখ্যা বেড়ে যাবে। হয়তো তা তুমুল যুদ্ধের কারণে হবে অথবা কন্যা সন্তান অধিক হারে জন্ম লাভের কারণে। এমনকি একজন ব্যক্তির জন্য মেয়ে, বোন এবং তাদের মতো নিকটাত্মীয় মিলে চল্লিশজন মহিলা হবে যারা তার কাছে আশ্রয় চাইবে এবং তার কাছে সাহায্য চাইবে।

https://sunnah.global/hadeeth/bn/show/3118